রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুলাই ১৩ , ২০০৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ ও বন মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ২৬ আষাঢ় ১৪১২/১০ জুলাই ২০০৫

এস, আর, ও, নং ২১৪-আইন/২০০৫—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথাঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম**।—এই বিধিমালা বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৫ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্মকমিশন;

(খ) "ডিগ্রী" বা "ডিপ্লোমা" বা "সার্টিফিকেট" অর্থ, ক্ষেত্রমত স্বীকৃত বিশ্ববিদ্যালয়, বোর্ড বা ইনস্টিটিউট কর্তৃক প্রদত্ত ডিগ্রী, ডিপ্লোমা বা সার্টিফিকেট এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে সরকার কর্তৃক স্বীকৃত অন্য কোন বিশ্ববিদ্যালয়, বোর্ড বা ইনস্টিটিউট কর্তৃক প্রদত্ত ডিগ্রী, ডিপ্লোমা বা সার্টিফিকেট;

(গ) "তফসিল" অর্থ এই বিধিমালার তফসিল;

(ঘ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা, কোন পদে নিয়োগের ব্যাপারে, সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা;

(ঙ) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(চ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ সংশ্লিষ্ট পদে নিয়োগের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(ছ) "শিক্ষানবিস" অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি; এবং


মূল্য ঃ টাকা ৬.০০

(জ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড" বা "স্বীকৃত ইনস্টিটিউট" অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা শিক্ষা বোর্ড বা ইনস্টিটিউট এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা শিক্ষা বোর্ড বা ইনস্টিটিউট।

৩। **নিয়োগ পদ্ধতি।**—(১) তফসিলে বর্ণিত বিধান এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর বিধান মোতাবেক পদ সংরক্ষণ সংক্রান্ত সরকারী নির্দেশাবলী সাপেক্ষে, কোন পদে নিম্নবিধৃত পদ্ধতিতে নিয়োগ করা হইবে, যথা ঃ—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে;

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না যদি তজ্জন্য তাঁহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাঁহার বয়স উক্ত পদের জন্য তফসিলে উল্লিখিত বয়সসীমার মধ্যে না হয় ঃ

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন পদে এড হক ভিত্তিতে ইতিপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে, উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাঁহার সর্বোচ্চ বয়সসীমা ও শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যাইতে পারে।

৪। **সরাসরি নিয়োগ।**—(১) কমিশনের আওতাভুক্ত কোন পদে কমিশনের সুপারিশ ব্যতিরেকে এবং অন্যান্য পদে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাচাই কমিটির সুপারিশ ব্যতিরেকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবে না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; অথবা

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৩) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির—

(ক) স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্রবিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৪) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরমে ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ**।—(১) এতদুদ্দেশ্যে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত পদোন্নতি কমিটির সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে কোন পদে নিয়োগ করা হইবে ঃ

তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণী এবং ২য় শ্রেণী হইতে ১ম শ্রেণীর পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা হইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিসি**।—(১) কোন স্থায়ী শূন্য পদের বিপরীতে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে এক বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, উক্ত তারিখ হইতে ছয় মাসের জন্য, শিক্ষানবিস হিসাবে নিয়োগ করা হইবে ঃ

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোন শিক্ষানবিসের শিক্ষানবিসি মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে এক বৎসরের অধিক না হয়।

(২) যেই ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসি মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, বা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে উক্ত কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যেই পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিসি মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিসি মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবে; এবং

(খ) যদি মনে করে যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যেই পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোন শিক্ষানবিসকে কোন পদে স্থায়ী করা হইবে না, যদি তিনি উক্ত পদে স্থায়ী হওয়ার জন্য কোন পরীক্ষা বা প্রশিক্ষণ নির্ধারিত হইলে উক্ত পরীক্ষায় পাস না করেন বা সফলতার সহিত প্রশিক্ষণ সমাপ্ত না করেন।

## তফসিল

[বিধি ২(গ) দ্রঃ]

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | পরিচালক | অনূর্ধ্ব ৫০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>(ক) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরীসহ সংশ্লিষ্ট গবেষণার ক্ষেত্রে ২০ বৎসরের পেশাগত অভিজ্ঞতা; এবং<br>(খ) কোন স্বীকৃত সায়েন্টিফিক জার্ণালে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ১৫টি পূর্ণমানের গবেষণার প্রকাশনা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্লান্ট ট্যাক্সোনমিসহ উদ্ভিদবিজ্ঞানে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ২০ বৎসরের অভিজ্ঞতা অথবা সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রীসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ১২ বৎসরের অভিজ্ঞতা; এবং<br>(খ) কোন স্বীকৃত সায়েন্টিফিক জার্ণালে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ১৫টি পূর্ণমানের গবেষণার প্রকাশনা। |
| ২। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা | অনূর্ধ্ব ৪৫ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>(ক) ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী; এবং<br>(খ) কোন স্বীকৃত সায়েন্টিফিক জার্ণালে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ১০টি পূর্ণমানের গবেষণা প্রকাশনা। |



| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্লান্ট ট্যাক্সোনমি, প্লান্ট ইকোলজি, প্লান্ট এনাটমি, সাইটোট্যাক্সোনমি বা ফাইটোকেমিস্ট্রিসহ উদ্ভিদবিজ্ঞান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ১২ বৎসরের গবেষণা/শিক্ষকতার অভিজ্ঞতা অথবা সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রীসহ ৭ বৎসরের গবেষণা/শিক্ষকতার অভিজ্ঞাতা; এবং<br>(খ) স্বীকৃত কোন সায়েন্টিফিক জার্ণালে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ১০টি পূর্ণমানের গবেষণা প্রকাশনা। |
| ৩। | মুখ্য আর্টিস্ট-কাম-ইলাস্ট্রেটর | অনূর্ধ্ব ৪৫ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>ঊর্ধ্বতন আর্টিস্ট-কাম-ইলাস্ট্রেটর পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরীসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ১৪ বৎসরের পেশাগত অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ফাইন আর্টস বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ বোটানিক্যাল ইলাস্ট্রেশনে ২০ বৎসরের অভিজ্ঞতা অথবা দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ বোটানিক্যাল ইলাস্ট্রেশনে ১৫ (পনের) বৎসরের অভিজ্ঞতা। |
| ৪। | ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা | অনূর্ধ্ব ৪০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>(ক) বৈজ্ঞানিক কর্মকর্তা পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী; এবং<br>(খ) কোন স্বীকৃত সায়েন্টিফিক জার্ণালে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ৭টি পূর্ণমানের গবেষণার প্রকাশনা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্লান্ট ট্যাক্সোনমি, প্লান্ট ইকোলজি, প্লান্ট এনাটমি, সাইটোট্যাক্সোনমি বা ফাইটোকেমিস্ট্রিসহ উদ্ভিদবিজ্ঞান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ সংশ্লিষ্ট বিষয়ে ৫ বৎসরের গবেষণা শিক্ষকতার অভিজ্ঞতা অথবা সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রীসহ ৩ বৎসরের গবেষণার অভিজ্ঞতা; এবং<br>(খ) কোন স্বীকৃত সায়েন্টিফিক জার্ণালে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ৭টি পূর্ণমানের গবেষণার প্রকাশনা। |
| ৫। | উর্ধ্বতন আর্টিস্ট-কাম-ইলাস্ট্রেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>আর্টিস্ট-কাম-ইলাস্ট্রেটর পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ফাইন আর্টস বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতকসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী এবং কোন সরকারী, আধাসরকারী, স্বায়ত্তশাসিত বা বেসরকারী প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ৬। | বৈজ্ঞানিক কর্মকর্তা | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্লান্ট ট্যাক্সোনমি, প্লান্ট ইকোলজি, প্লান্ট এনাটমি, সাইটোট্যাক্সোনমি বা ফাইটোকেমিস্ট্রিসহ উদ্ভিদবিজ্ঞান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৭। | আর্টিস্ট-কাম-ইলাস্ট্রেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ফাইন আর্টস বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতকসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ৮। | সহকারী পরিচালক (প্রশাসন) | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>সহকারী প্রকিউরমেন্ট-কাম-স্টোর অফিসার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ৯। | সহকারী প্রোগ্রামার | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>(ক) কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরীসহ প্রোগ্রামিং স্ট্যান্ডার্ড এ্যাপটিচ্যুড টেস্টে উত্তীর্ণ; এবং<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক ডিগ্রী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থবিদ্যা, ফলিত পদার্থবিদ্যা, গণিত, পরিসংখ্যান, বাণিজ্য, অর্থনীতি বা ব্যবসা প্রশাসন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রীসহ অথবা ইঞ্জিনিয়ারিং এ অন্যূন স্নাতক ডিগ্রীসহ প্রোগ্রামিং স্ট্যান্ডার্ড এ্যাপটিচ্যুড টেস্টে উত্তীর্ণ। প্রার্থীকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃত কোন পেশাদারী কম্পিউটার সমিতির সহযোগী সদস্য হইতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১০। | সহকারী লাইব্রেরীয়ান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান বিষয়ে অন্যূন স্নাতকোত্তর ডিগ্রী অথবা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ গ্রন্থাগার বিষয়ে ডিপ্লোমা। |
| ১১। | সহকারী প্রকিউরমেন্ট-কাম স্টোর অফিসার | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>স্টোরকিপার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ১২। | সিনিয়র হারবেরিয়াম টেকনিসিয়ান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে উদ্ভিদবিজ্ঞান (ট্যাক্সোনমি) বিষয়সহ অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ১৩। | স্টোরকিপার | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>ডাটা এন্ট্রি অপারেটর পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। |
| ১৪। | হেড এ্যাসিসটেন্ট | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>ডাটা এন্ট্রি অপারেটর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। |



| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৫। | কম্পিউটার অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক ডিগ্রীসহ কম্পিউটার অপারেটর্স এ্যাপটিচ্যুড টেস্টে উত্তীর্ণ। |
| ১৬। | একাউন্টেন্ট | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>ক্যাশিয়ার/হিসাব সহকারী পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। |
| ১৭। | এয়ারকন্ডিশনিং অপারেটর-কাম-মেকানিক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা। |
| ১৮। | পিএ/ স্টেনোগ্রাফার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক ডিগ্রী। প্রার্থীকে বাংলা সাঁটলিপি ও মুদ্রাক্ষরে প্রতি মিনিটে যথাক্রমে অন্যূন ৫০ ও ২৫ শব্দের এবং ইংরেজী সাঁটলিপি ও মুদ্রাক্ষরে প্রতি মিনিটে যথাক্রমে অন্যূন ৮০ ও ৩০ শব্দের গতিসম্পন্ন এবং কম্পিউটার পরিচালনায় জ্ঞানসম্পন্ন হইতে হইবে। |
| ১৯। | রিসিপসনিস্ট | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক ডিগ্রী। প্রার্থীকে ইংরেজী ভাষায় কথোপকথনের দক্ষতা এবং কম্পিউটার পরিচালনার জ্ঞানসম্পন্ন হইতে হইবে। |
| ২০। | ক্যাশিয়ার/হিসাব সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে অন্যূন স্নাতক ডিগ্রী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২১। | গাড়ীচালক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। প্রার্থীকে ভারী যানবাহন চালনার যথাযথ লাইসেন্সধারী হইতে হইবে। |
| ২২। | ডাটা এন্ট্রি অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। প্রার্থীকে বাংলা ও ইংরেজী টাইপিং এ প্রতি মিনিটে যথাক্রমে অন্যূন ২৫ ও ৩০ শব্দের গতিসম্পন্ন এবং কম্পিউটার পরিচালনায় জ্ঞানসম্পন্ন হইতে হইবে। |
| ২৩। | ইলেকট্রিশিয়ান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে ইলেকট্রিক্যাল ট্রেড কোর্স সার্টিফিকেট থাকিতে হইবে। |
| ২৪। | ল্যাবরেটরী এটেনডেন্ট | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞানে অন্যূন দ্বিতীয় বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৫। | ফিল্ড এটেনডেন্ট | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৬। | লাইব্রেরী এটেনডেন্ট | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |



| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২৭। | ডেসপাচ রাইডার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। প্রার্থীকে সাইকেল ও মোটর সাইকেল চালানোর অভিজ্ঞতাসহ মোটর সাইকেল চালনার লাইসেন্সধারী হইতে হইবে। |
| ২৮। | গার্ড | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। প্রার্থীকে সুঠাম ও সু-স্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। আনসার ও ভিডিপি হইতে প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ২৯। | এম, এল, এস, এস | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মিহির কান্তি মজুমদার**
যুগ্ম-সচিব (প্রশাসন)।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মে ২৭, ২০১২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ ও বন মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ০৮ জ্যৈষ্ঠ ১৪১৯ বঙ্গাব্দ/২২ মে ২০১২ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং-১৩৩-আইন/২০১২।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৩৩ এর শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের অনুচ্ছেদ ১৪০ (২) এর বিধান মোতাবেক বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৫ এর নিম্নরূপ সংশোধন করিলেন, যথা :—

উপরি-উক্ত বিধিমালার তফসিল এর—

(ক) ক্রমিক নং ৫ এবং উহার বিপরীতে কলাম ২, ৩, ৪ ও ৫ এর এন্ট্রিসমূহের পর নিম্নরূপ নূতন ক্রমিক নং ৫ক ও ৫খ এবং উহাদের বিপরীতে, যথাক্রমে, কলাম ২, ৩, ৪ এবং ৫ এ নিম্নরূপ এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা :—

| | | | | |
|---|---|---|---|---|
| "৫ক। | উপ-পরিচালক | অনূর্ধ্ব ৪০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে : সহকারী পরিচালক (প্রশাসন) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরী।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে : (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা ০৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রী; বা<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী; এবং (গ) কোন সরকারি, আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সহকারী পরিচালক বা সমমানের পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |


মূল্য : টাকা ৪.০০

| | | |
|---|---|---|
| ৮খ। | প্রোগ্রামার | The Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী।"; |

(খ) ক্রমিক নং ৯ এবং উহার বিপরীতে কলাম ২, ৩, ৪ ও ৫ এর এন্ট্রিসমূহের পর নিম্নরূপ নূতন ক্রমিক নং ৯ক এবং উহার বিপরীতে, যথাক্রমে, কলাম ২, ৩, ৪ এবং ৫ এ নিম্নরূপ এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা ঃ—

| | | | | |
|---|---|---|---|---|
| "৯ক। | টেকনিক্যাল অফিসার | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে ঃ সিনিয়র হারবেরিয়াম টেকনিশিয়ান পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরী।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে উদ্ভিদবিজ্ঞানে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) সহ অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী; অথবা<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে উদ্ভিদবিজ্ঞান বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রী।"; |

(গ) ক্রমিক নং ১৯ এবং উহার বিপরীতে কলাম ২, ৩, ৪ ও ৫ এর এন্ট্রিসমূহের পর নিম্নরূপ ক্রমিক নং ১৯ক ও ১৯খ এবং উহার বিপরীতে, যথাক্রমে, কলাম ২, ৩, ৪ এবং ৫ এ নিম্নরূপ এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা ঃ—

| | | | | |
|---|---|---|---|---|
| "১৯ক। | হারবেরিয়াম টেকনিশিয়ান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে উদ্ভিদবিজ্ঞানসহ বিজ্ঞান বিভাগে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। |
| ১৯খ। | এথনোবোটানী মিউজিয়াম টেকনিশিয়ান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে উদ্ভিদবিজ্ঞানসহ বিজ্ঞান বিভাগে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী।"। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

মেছবাহ্ উল আলম
সচিব।

মোঃ আব্দুল বারিক (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd